# নতুন মন্ত্রী-প্রতিমন্ত্রীদের দপ্তর চূড়ান্ত, থাকছে বড় পরিবর্তন



ছবি: সংগৃহীত

নতুন করে মন্ত্রিসভায় যুক্ত হওয়া চার মন্ত্রী ও দুই প্রতিমন্ত্রীর মধ্যে দায়িত্ব ভাগ করে দেওয়া হয়েছে। পাশাপাশি একজন মন্ত্রীর মন্ত্রণালয়ও পরিবর্তন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের উচ্চপর্যায়ের সূত্রে এসব তথ্য জানা গেছে।

শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যায় বঙ্গভবনের দরবার হলে বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এরপর তিনি নতুন চার মন্ত্রী ও দুই প্রতিমন্ত্রীকে শপথবাক্য পাঠ করান।

নতুন মন্ত্রী হিসেবে দায়িত্ব পাওয়া চারজন হলেন আবদুল মঈন খান, রশিদুজ্জামান মিল্লাত, সাচিং প্রু জেরী ও আন্দালিভ রহমান পার্থ। অন্যদিকে প্রতিমন্ত্রীর দায়িত্ব পেয়েছেন হুমায়ুন কবির (টেকনোক্রেট) ও মোহাম্মদ শামীম কায়সার লিংকন।

LENS ASIA

নতুন দায়িত্ব বণ্টনের বিষয়ে শিগগিরই মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন প্রকাশ করা হবে বলে সূত্র জানিয়েছে।

রাষ্ট্রপতি হওয়ার কারণে মির্জা ফখরুল ইসলাম আলমগীর স্থানীয় সরকার মন্ত্রণালয়ের দায়িত্ব ছেড়ে দিয়েছেন। তাঁর ছেড়ে যাওয়া এ মন্ত্রণালয়ের দায়িত্ব এখন পেয়েছেন নতুন মন্ত্রী আবদুল মঈন খান।

রশিদুজ্জামান মিল্লাট আগে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ছিলেন। পূর্ণমন্ত্রী হওয়ার পর একই মন্ত্রণালয়ের দায়িত্বই পেয়েছেন তিনি। এদিকে ওই মন্ত্রণালয়ের মন্ত্রী আফরোজা খানম (রিতা)কে খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে।

বান্দরবানের সংসদ সদস্য সাচিং প্রু জেরীকে দেওয়া হয়েছে পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব। বিএনপি সরকার দায়িত্ব নেওয়ার পর এ মন্ত্রণালয়ের মন্ত্রী করা হয়েছিল দীপেন দেওয়ানকে। দায়িত্ব নেওয়ার তিন মাসের মধ্যে তিনি পদত্যাগ করেন। বর্তমানে মীর মোহাম্মদ হেলাল উদ্দিন এ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছেন।

বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) চেয়ারম্যান ও সংসদ সদস্য আন্দালিভ রহমান পার্থ পেয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দায়িত্ব। এত দিন এই মন্ত্রণালয়ের মন্ত্রী ছিলেন জহির উদ্দিন স্বপন। তাকে প্রধানমন্ত্রীর উপদেষ্টা করা হয়েছে।

গাইবান্ধা-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার লিংকনকে ধর্ম মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী করা হয়েছে। এ মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্বে রয়েছেন কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ)।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বেও নতুন সংযোজন হয়েছে। টেকনোক্রেট প্রতিমন্ত্রী হিসেবে হুমায়ুন কবিরকে এ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে। একই মন্ত্রণালয়ের বর্তমান প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামও দায়িত্বে বহাল থাকছেন। ফলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রীর সংখ্যা দাঁড়াল দুইজন। এ মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে রয়েছেন খলিলুর রহমান।

সূত্র: প্রথম আলো